# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৭৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ আল্লাহর সন্তুষ্টির জন্য কারো সাথে ভালবাসা রাখার মাহাত্ম্য এবং তার প্রতি উৎসাহ প্রদান ও যে ব্যক্তি অন্য কাউকে ভালবাসে তাকে সে ব্যাপারে অবহিত করা ও কী বলে অবহিত করবে তার বিবরণ

## আরবী

وَعَن مُعَاذٍ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ أَخَذَ بِيَدِهِ وَقَالَ يَا مُعَاذُ وَاللهِ إِنّـِي لَأُحِبُّكَ ثُمَّ أُوصِيْكَ يَا مُعَاذُ لَا تَدَعَنَّ فِـيْ دُبُرِ كُلِّ صَلاَةٍ تَقُوْلُ : اَللّٰهُمَّ أَعِنِّي عَلٰى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ حديث صحيح رواه أَبُو داود والنسائي بإسناد صحيح

## বাংলা

(৩৫৭৫) মুআয (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরে বললেন, হে মুআয! আল্লাহর কসম! নিঃসন্দেহে আমি তোমাকে ভালবাসি। অতঃপর আমি তোমাকে অসিয়ত করছি, হে মুআয! তুমি প্রত্যেক নামাযের পশ্চাতে এ শব্দগুলি বলা ছাড়বে না, ’আল্লা-হুম্মা আইন্নী আলা যিকরিকা অশুকরিকা অহুসনি ইবা-দাতিক।’ (অর্থাৎ, হে আল্লাহ! তোমার যিকর করার, তোমার কৃতজ্ঞতা প্রকাশ করার এবং উত্তমরূপে তোমার ইবাদত করার ব্যাপারে আমাকে সাহায্য কর।)

## ফুটনোট

(আবূ দাউদ ১৫২৪, নাসায়ী ১৩০৩, বিশুদ্ধ সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67323

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন